



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সিটিজেন চার্টার



বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ভবন

ই-২৭/এ আগারগাঁও, ঢাকা-১২০৭

ওয়েবসাইট : www.bbs.gov.bd

আমাদের লক্ষ্য (Vision)

জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

আমাদের উদ্দেশ্য (Mission)

- সঠিক ও মানসম্মত এবং সময়ানুগ পরিসংখ্যান সরবরাহ
- নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীগণের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন
- প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি
- পেশাদারিত্ব প্রতিষ্ঠা

আমাদের প্রকাশনা ও সেবা (Publications & Services)

(ক) প্রকাশনাসমূহ

- দেশের বিভিন্ন প্রয়োজনীয় তথ্যসম্বলিত মাসিক পরিসংখ্যান বুলেটিন, বার্ষিক পরিসংখ্যান পকেটবুক ও বর্ষগ্রন্থ প্রকাশ;
- প্রতি দশ বৎসর অন্তর (১) আদমশুমারি (২) কৃষি শুমারি এবং (৩) অর্থনৈতিক শুমারি পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;
- মোট দেশজ উৎপাদন (GDP) এবং প্রবৃদ্ধির হারসহ অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক (Indicators) যথা- স্বল্প, বিনিয়োগ, ভোগ, মাথাপিছু আয় ইত্যাদি নিরূপণ ও প্রকাশ;
- ভোক্তার দৈনন্দিন জীবনযাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য বহির্ভূত পণ্য অন্তর্ভুক্ত করে মাসভিত্তিক ভোক্তা মূল্যসূচক (CPI) নিরূপণ ও প্রকাশ;
- মাসভিত্তিক ম্যানুফ্যাকচারিং শিল্পের উৎপাদন সূচক প্রস্তুত ও প্রকাশ;
- বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;
- বিভিন্ন পেশায় নিয়োজিত শ্রমিকদের মজুরির হার ও মজুরি সূচক প্রস্তুত ও প্রকাশ;
- বিভিন্ন ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;
- গুরুত্বপূর্ণ স্বাস্থ্য ও জনমিতিক নির্দেশক প্রস্তুত ও প্রকাশ;
- শিশুপুষ্টি এবং শিশুদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ;
- মহিলাদের উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে তাদের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য gender statistics প্রস্তুত ও প্রকাশ;

- খানার আয় ও ব্যয় নির্ধারণ জরিপ পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র্য পরিস্থিতি সম্পর্কিত তথ্য প্রস্তুত ও প্রকাশ।

(খ) ওয়েবসাইট

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ১০০ মেগাবাইট ক্যাপাসিটির একটি সমৃদ্ধ ও নিয়মিত হালনাগাদকৃত ওয়েবসাইট রয়েছে। এতে ব্যুরোর সর্বশেষ প্রকাশনাসমূহের key indicators সন্নিবেশিত আছে। ব্যবহারকারীগণ বিনামূল্যে এই ওয়েবসাইট থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে পারেন। ওয়েবসাইটের ঠিকানা : www.bbs.gov.bd

(গ) ডিজিটাল কপি

তথ্যসংগ্রহকারীগণ নির্ধারিত মূল্যের বিনিময়ে ব্যুরোর প্রধান কার্যালয়স্থ ডাটা আর্কাইভ থেকে প্রয়োজনীয় তথ্য/উপাত্ত সিডি মারফত সংগ্রহ করতে পারেন। এছাড়া গবেষণা কাজে ব্যবহারের জন্য দেশী/বিদেশী ব্যক্তি বা সংস্থাকে কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে বিনামূল্যে/স্বল্পমূল্যে প্রাথমিক তথ্য সরবরাহ করা হয়।

(ঘ) লাইব্রেরি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর লাইব্রেরি ও বিক্রয়কেন্দ্র ১৪/২ তোপখানা রোড, ঢাকা-তে অবস্থিত। ব্যুরোর প্রধান কার্যালয়েও একটি লাইব্রেরি রয়েছে। পাঠকগণ সকল সরকারি কার্যদিবসে লাইব্রেরিতে পাঠ করতে পারেন। বিক্রয়কেন্দ্রে ব্যুরোর প্রকাশনাসমূহ বিক্রয় করা হয়। এছাড়া ব্যুরোর নির্ধারিত সেলস এজেন্টদের নিকটও প্রকাশনাসমূহ পাওয়া যায়।

আমাদের গ্রাহক/সেবাগ্রহণকারী (Users)

- সরকারি/বেসরকারি সংস্থা
- উন্নয়ন সহযোগী ও দাতাসংস্থা
- নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষক
- শিক্ষক-শিক্ষার্থী

আমাদের প্রতিশ্রুতি (Commitments)

- স্বল্পতম সময়ের মধ্যে মানসম্মত ও সঠিক উপাত্ত পরিবেশন
- তথ্য/উপাত্ত প্রক্রিয়া ও পরিজ্ঞাতকরণে আধুনিক প্রযুক্তির ব্যবহার
- বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় সঠিক সিদ্ধান্ত গ্রহণে চাহিদামাফিক উপাত্ত সরবরাহ
- পরিসংখ্যান বিষয়ক কার্যক্রম সময়োপযোগী ও ত্বরান্বিতকরণ
- প্রাথমিক তথ্য প্রদানকারীর তথ্যের গোপনীয়তা রক্ষার নিশ্চয়তা

আমাদের প্রত্যাশা (Expectations)

- তথ্য প্রদানকারী ও উপাত্ত ব্যবহারকারীদের নিকট থেকে সহযোগিতামূলক মনোভাব
- তথ্যসংগ্রহকারীগণকে স্বল্পতম সময়ের মধ্যে সঠিক তথ্য/উপাত্ত প্রদান
- পরিসংখ্যানের মান বৃদ্ধিকল্পে পাঠক/ব্যবহারকারীগণের নিকট থেকে গঠনমূলক পরামর্শ।

অভিযোগ ও পরামর্শ (Complaints & Suggestions)

সেবা সংক্রান্ত অভিযোগ ও পরামর্শ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। মেহেরপুর জেলায় সম্মানিত গ্রাহকগণের কোনো অভিযোগ, পরামর্শ বা জিজ্ঞাসা থাকলে তা নিম্নোক্ত কর্মকর্তার নিকট প্রেরণ করতে পারেন :

উপ-পরিচালক

জেলা পরিসংখ্যান কার্যালয়

স্টেডিয়াম রোড, মেহেরপুর।

ফোন : ০৭৯১৬৩০৭৭, ০১৭৪০ ৮৩০ ৯৩০

ই-মেইল : ddmeherpurbbs@gmail.com

ফেসবুক: জেলা পরিসংখ্যান অফিস মেহেরপুর